

দুই নাটকে আলভী-শ্রেয়সী -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৮ ঃ মেহেরপুর-মঙ্গলবার ২১ অক্টোবর ২০২৫ ইং ঃ ৫ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ২৮ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com





## মেহেরপুরের ভৈরব নদ

# কেড়ে নিল তিন তরুনের প্রাণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর ভৈরব নদ তিন তরুণের তাজা প্রাণ গ্রাস করেছে। গতকাল সোমবার দুপুরে সদর উপজেলার পিরোজপুর বিশ্বাসপাড়া ও মুজিবনগর উপজেলার রশিকপুর সুইচগেট এলাকায় পৃথকভাবে পৃথকভাবে এ ঘটনা ঘটে। এদের মধ্যে ভৈরব নদ থেকে দুই শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করা হয়েছে। এ সংবাদ লেখা পযন্ত নিখোঁজ রয়েছেন আরও একজন মাদ্রাসাছাত্র। নিহতরা হলেন সদর উপজেলার টেংরামারী গ্রামের হান্নান শেখের ছেলে তানভীর (২০) এবং পিরোজপুর গ্রামের বিশ্বাসপাড়ার জল্লাদ হোসেনের ছেলে মাহবুব (১৫)। নিখোঁজ শিক্ষার্থী হলেন মুজিবনগর উপজেলার আমদহ গ্রামের মহির উদ্দিনের ছেলে কৌশিক (২১)। স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার দুপুরে মুজিবনগরের রশিকপুর গ্রামের ভৈরব নদে সুইচগেট এলাকায় বন্ধুরা মিলে গোসল করতে নেমে স্রোতের টানে তানভীর ও কৌশিক নিখোঁজ হন। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের একটি দল ঘটনাস্থলে পৌছায়। পানির গভিরতা স্রোতের টানে তারা উদ্ধার করতে ব্যার্থ হলে খুলনা থেকে বিশেষ ডুবুরি দল ডাকে। তারা এসে রাত ৮টার দিকে তানভীরের মরদেহ উদ্ধার করে। এ প্রতিবেদন লেখা পর্যন্ত নিখোঁজ রয়েছেন কৌশিক। তার মরদেহ উদ্ধারের জন্য অভিযান অভ্যাহত আছে। অন্যদিকে, মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে মাহবুব তার কয়েকজন বন্ধুর সঙ্গে নিয়ে দুপুরে ভৈরব নদে গোসল করতে যায়। সাঁতার না জানা এবং নদীর পানি গভীর হওয়ায় সে তলিয়ে যায়। পরে স্থানীয়রা খোঁজাখুঁজির পর সন্ধ্যার দিকে তার মরদেহ উদ্ধার করে। খবর পেয়ে ফায়ার সার্ভিস, পুলিশ ও প্রশাসনের কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেন। মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মেহেদী হাসান দিপু বলেন, দুই শিক্ষার্থীর মরদেহ উদ্ধার

২-এর পৃষ্ঠা দেখুন

# ব্যাংকারের মসলা চাষ: দেড় বিঘা জমিতে স্বপ্নে ৫ লাখ টাকা আয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের ইসলামী ব্যাংক কর্মকর্তা ইশতিয়াক হোসেন বন্ধুদের পরামর্শে মসলা জাতীয় একাঙ্গী চাষে নেমেছেন। ব্যাংকিং পেশার পাশাপাশি কৃষিতে আগ্রহী ইশতিয়াক দেড় বিঘা জমি ব্যবহার করে এই ফসলের চাষ শুরু করেছেন। খরচ করেছেন মাত্র ১ লাখ ৫০ হাজার টাকা। তিনি স্বপ্ন দেখছেন বিঘাপ্রতি ৫ লাখ টাকা আয় করতে পারবেন। ইশতিয়াক হোসেন জানান, "বন্ধুর কাছ থেকে একাঙ্গীর সম্ভাবনার কথা শুনে চেষ্টা শুরু করেছি। যত্নসহকারে পরিচর্যা করছি। ফলন ভালো হলে ভবিষ্যতে বড় পরিসরে চাষ করার পরিকল্পনা রয়েছে। একাঙ্গী শুধু মসলা হিসেবে ব্যবহৃত হয় না, মাছের খাবার তৈরিতেও এর চাহিদা রয়েছে।"বর্তমানে মেহেরপুর জেলায় একাঙ্গীর বাজার ব্যবস্থা সীমিত হওয়ায় উৎপাদিত ফসল বিক্রি হচ্ছে পার্শ্ববর্তী চুয়াডাঙ্গার সরোজগঞ্জ বাজারে। ইশতিয়াকের উদ্যোগ দেখে এলাকার অন্যান্য কৃষকরাও আগ্রহী হয়ে উঠেছেন। স্থানীয় কৃষকরা বলছেন, "ইশতিয়াক ভাই ভালো ফলন পেলে আমরা আগামী মৌসুমে একাঙ্গী চাষের কথা ভাবব।" গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন বলেন, "একাঙ্গী চাষ লাভজনক। এতে ব্যয় কম, কিন্তু আয় অনেক বেশি। কৃষকদের উৎসাহ দিতে আমরা মাঠ পর্যায়ে পরামর্শ দিচ্ছি। চলতি বছর মেহেরপুর জেলায় ১০ হেক্টর জমিতে একাঙ্গী চাষ হয়েছে। যদি বাজার ব্যবস্থা ও দাম ভালো থাকে, তবে আগামীতে জেলায় একাঙ্গীর চাষ আরও বাড়বে।" এ ছাড়া কৃষি বিভাগ আশা করছে, এলাকার আরও কৃষক একাঙ্গী চাষে নামলে মেহেরপুরে এই মসলা জাতীয় ফসলের চাহিদা ও



২-এর পৃষ্ঠা দেখুন



# মায়ের কোলে নবজাতক, হাতে জন্মসনদ মেহেরপুরে নতুন উদাহরণ

নিজস্ব প্রতিবেদক

নরমাল ডেলিভারিকে (স্বাভাবিক প্রসব) উৎসাহিত করার লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মা ও নবজাতকের জন্য শুভেচ্ছা উপহার প্রদান এবং জন্মের কয়েক ঘণ্টার মধ্যেই নবজাতকের জন্ম নিবন্ধন সনদ তুলে দেওয়ার কার্যক্রম শুরু হয়েছে। গতকাল রবিবার

২-এর পৃষ্ঠা দেখুন

# চোরের সাথে ধস্তা ধস্তিতে আহত দুই

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের হিজুলি ঈদগাহ পাড়ায় চোরের হাসুয়ার আঘাতে বাড়ির মালিক রবিউল ও তার ছেলে হাসান আহত হয়েছে। স্থানীয়রা জানয়, রবিবার রাত ১ টার দিকে রবিউলের বাড়ির ছাদে চোর ঢুকে। বিষয়টি রবিউল বুঝতে পেরে সে ও তার ছেলে বাড়ির ছাদে উঠে চোরকে জাপটিয়ে ধরে এসময় চোরের দল রবিউল ও তার ছেলেকে হাসুয়া দিয়ে উপযুক্ত পরি কোপ মারে। এসময় চোরের হাতে থাকা হাসুয়া কের নিয়ে রবিউল ও চোরকে আঘাত করে। এর

২-এর পৃষ্ঠা দেখুন




# সাত দফা দাবিতে শিক্ষকদের বিক্ষোভ সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশনের উদ্যোগে ৭ দফা দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শিক্ষকরা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টার কাছে তাদের দাবি সম্বলিত স্মারকলিপি প্রদান করেছেন। গতকাল সোমবার দুপুরে মেহেরপুর দারুল উলুম আহমদিয়া আলিম মাদ্রাসা থেকে শুরু হওয়া বিশাল

২-এর পৃষ্ঠা দেখুন

# মুজিবনগরে ৫ আসামী গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে বিশেষ অভিযানিক কার্যক্রমের অংশ হিসেবে মুজিবনগর থানার পুলিশ ১৯ সেপ্টেম্বর রাত ১২টার পর থেকে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৫ জন সিআর ওয়ারেন্টভুক্ত আসামীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হলেন: আনন্দবাস গ্রামের মোছাঃ আম্বিয়া খাতুন (৪৫), বিদ্যাধরপুর গ্রামের মোঃ লাল্টু মিয়া, মোনাখালী গ্রামের মোঃ আরজান আলী, মোছাঃ আনজুমান রুমা ও গৌরিনগর গ্রামের মোছাঃ তানিয়া খাতুন। গ্রেফতারকৃতদের আইন অনুযায়ী আদালতে প্রেরণ করা হয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন



# অ্যাড. কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পেরৈ এলাকার ৯ নম্বর ওয়ার্ডের বিভিন্ন মহল্লায় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে এ কর্মসূচিতে তিনি অংশ নেন। গণসংযোগ চলাকালে অ্যাডভোকেট কামরুল হাসান স্থানীয় জনগণের মধ্যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান

২-এর পৃষ্ঠা দেখুন




# মেহেরপুরে বিশ্ব ও জাতীয় পরিসংখ্যান দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে 'সবার জন্য মানসম্মত পরিসংখ্যান' প্রতিপাদ্যে বিশ্ব পরিসংখ্যান দিবস ও জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপন করা হয়েছে। গতকাল সোমবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। জেলা প্রশাসন ও জেলা পরিসংখ্যান অফিস আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। স্বাগত বক্তব্য দেন জেলা পরিসংখ্যান অফিসের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) বশির উদ্দিন।

২-এর পৃষ্ঠা দেখুন

# বিএনপি কার্যালয়ে সাংবাদিক নির্যাতনের ঘটনায় উদ্বেগ জানাল এনসিপি

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে সাংবাদিকের ওপর হামলা, নির্যাতন ও মোবাইল ভাঙচুরের ঘটনায় নিন্দা ও গভীর উদ্বেগ জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। সোমবার (২০ অক্টোবর) এনসিপির মিডিয়া সেল থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ উদ্বেগ প্রকাশ করা হয়। বিবৃতিতে বলা হয়, রোববার বিএনপি চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে দৈনিক আমার দেশ পত্রিকার সাংবাদিক জাহিদুল ইসলামের ওপর হামলা, নির্যাতন ও তার মোবাইল ফোন ভাঙচুরের ঘটনাটি অত্যন্ত নিন্দনীয় ও উদ্বেগজনক। এনসিপি মনে করেড় সাংবাদিকদের ওপর

২-এর পৃষ্ঠা দেখুন




# মুজিবনগরে বৈষম্যহীন সমাজ ও শান্তি স্থাপনের সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় "বৈষম্যহীন সমাজ গঠন ও শান্তি স্থাপন" শীর্ষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাজে সহনশীলতা প্রতিষ্ঠা ও মৎস্যজীবীদের অধিকার নিশ্চিত করার উদ্দেশ্যে গতকাল সোমবার এ আয়োজন করা হয়। এফসিডিওর অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের এমআইপিএস প্রকল্পের আওতায় এবং পিস ফ্যাসিলিটেটর গ্রুপের (পিএফজি) উদ্যোগে আয়োজিত এ সমাবেশে সভাপতিত্ব করেন তারানগর রুপালি মৎস্য সমিতির সভাপতি মো: শিশির আলম। অনুষ্ঠান সঞ্চালনা করেন পিএফজি সমন্বয়কারী মো:

২-এর পৃষ্ঠা দেখুন

# সিনেমা স্টাইলে প্যারিসে ল্যুভর থেকে চুরি গেল ৮ রাজকীয় রত

সূর্যোদয় প্রতিবেদন

পৃথিবীর অন্যতম বিখ্যাত জাদুঘর ল্যুভরে ঘটেছে এক নজিরবিহীন চুরির ঘটনা। মাত্র সাত মিনিটের অভিযানে চোরেরা জাদুঘরের অ্যাপোলো গ্যালারি থেকে নিয়ে গেছে আটটি অমূল্য রাজকীয় রত্ন ও অলংকার। ঘটনাটি ঘটে রোববার সকালে, স্থানীয় সময় সকাল সাড়ে ৯টার দিকে। অন্য সাধারণ দিনের মতোই সেদিন সকালে দর্শনার্থীদের জন্য খুলে দেওয়া হয় ল্যুভরের দরজা। আধা ঘণ্টা পর ভবনের দক্ষিণ পাশে এসে থামে একটি ট্রাক, যার ওপর বসানো ছিল বৈদ্যুতিক মইড় প্যারিসে যেসব সাধারণত আসবাবপত্র তোলার কাজে ব্যবহৃত হয়। তাই কারও চোখে পড়েনি যে সেটিই আসলে চুরির যন্ত্র। চোরেরা সেই মই বেয়ে দ্বিতীয় তলায় উঠে গ্রাইন্ডার দিয়ে একটি জানালা ভেঙে ফেলে। সঙ্গে সঙ্গেই বাজতে শুরু করে নিরাপত্তা অ্যালার্ম। তবু নির্ভীকভাবে তারা প্রবেশ করে ঝলমলে অ্যাপোলো গ্যালারিতে, যেখানে প্রদর্শিত হয় ফরাসি রাজপরিবারের ঐতিহাসিক গয়না ও মুকুট। কয়েক মুহূর্তের মধ্যেই তারা দুটি

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

- সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক

- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (সরকারি গুদামে নিম্নমানের চাল)

প্রভাবশালী প্রভাব খাটাই
সব সরকারের আমলে
মিলারের চাল দিচ্ছে তারা
খাদ্য বিভাগের গুদামে।
আসল মিলার পড়ছে ফাকি
চালান হচ্ছে তার নামে
ভাঙ্গা চাল সরবরাহ করে
উঠছে নাম চালানে।
প্রভাবশালী কারা এরা
তবে কি তারা শীধেল চোর
কেমন করে দিচ্ছে চাল
কোথায় তোদের খুঁটির জোর
সঠিক মিলার চাল দিবে
আছে নাকি এমন লোক
বন্ধ হবে এমন নীতি
উদ্যোগ নিলে প্রশাসন।




# কার্যকর সাক্ষরতা ও দক্ষতা প্রশিক্ষণের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আয়োজনে কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকাল চারটায় আমঝুপি ফাজিল মাদরাসার হলরুমে অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন

২-এর পৃষ্ঠা দেখুন

# আর্জেন্টিনাকে হারিয়ে ইতিহাস সৃষ্টি মরক্কোর

সূর্যোদয় প্রতিবেদন

আফ্রিকার মরক্কো প্রথমবারের মতো ফিফা অনূর্ধ্ব-২০ বিশ্বকাপের শিরোপা জিতেছে। সোমবার ভোরে চিলির রাজধানী সান্তিয়াগোর এস্তাদিও নাসিওনাল হুলিও স্টেডিয়ামে অনুষ্ঠিত ফাইনালে মরক্কো ২-০ গোলে লাতিন পরাশক্তি আর্জেন্টিনাকে হারায়। ম্যাচের নায়ক ইয়াসির জাবিরি। তার জোড়া গোল ছয়বারের চ্যাম্পিয়ন আর্জেন্টিনার শিরোপা স্বপ্ন ভেঙে দিয়েছে। ম্যাচের ১২ মিনিটেই প্রথম গোল করে দলকে এগিয়ে দেন ইয়াসির। ২৯ মিনিটে তার দ্বিতীয় গোলের মাধ্যমে ব্যবধান দ্বিগুণ

২-এর পৃষ্ঠা দেখুন



# রোগাক্রান্ত গরুর মাংশ বিক্রির অভিযোগে জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া বাজারে রোগাক্রান্ত গরুর মাংশ বিক্রির অভিযোগে শরিফুল ইসলাম নামে এক কসাই এর বিশ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত। গতকাল সোমবার সকালে মেহেরপুর সদরের সহকারী কমিশনার (ভূমি)

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -

- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ মঙ্গলবার ॥ ৫ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২১ অক্টোবর ২০২৫ইং

## আরেকটি এক/এগারো সৃষ্টির চক্রান্ত শুরু হয়েছে: রাশেদ খান

সূর্যোদয় প্রতিবেদন

দেশের রাজনৈতিক পরিস্থিতি ঘোলাটে করে আরেকটি এক/এগারো (১/১১) সৃষ্টির চক্রান্ত শুরু হয়েছে বলে অভিযোগ করেছেন গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক মো. রাশেদ খান। সোমবার (২০ অক্টোবর) বেলা সাড়ে ১১টায় রাজধানীর কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন। দেশের সাম্প্রতিক অস্থিতিশীল অবস্থা, বিভিন্ন অঘটন ও ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ড নিয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। রাশেদ খান বলেন, “জুলাই সনদ ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে। এখনই এটি

৩-এর পৃষ্ঠা দেখুন

# জুলাই হত্যার মামলা দ্রুত বিচার ট্রাইব্যুনালে হবে

সূর্যোদয় প্রতিবেদন

সোমবার আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় জানিয়েছে, জুলাই গণঅভ্যুত্থানে সংঘটিত হত্যাসহ গুরুতর অপরাধের মামলাগুলো দ্রুত বিচার ট্রাইব্যুনালে পরিচালিত হবে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারাধীন মামলা ব্যতীত বাকি মামলাগুলো দ্রুত বিচার ট্রাইব্যুনালের আওতায় আসবে। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গণঅভ্যুত্থানের সময় দেশের বিভিন্ন স্থানে ছাত্র-জনতার ওপর সরকারের নির্দেশে হামলা ও হত্যার অভিযোগে মোট ৮৩৭টি মামলা রেকর্ড হয়েছে। এর মধ্যে ৪৫টি মামলা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারাধীন। এছাড়া, দেশের বিভিন্ন ফৌজদারি আদালতে ইতোমধ্যে ১৯টি হত্যা মামলার চার্জশিট দাখিল করেছে পুলিশ। মন্ত্রণালয় জানিয়েছে, এসব হত্যা মামলাকে দ্রুত বিচার ট্রাইব্যুনাল আইন, ২০০০ এর ১০ ধারার বিধান অনুযায়ী বিচারের জন্য পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সরাসরি হত্যাসহ গুরুতর অপরাধের মামলাগুলো কার্যকরভাবে প্রসিকিউশন করার লক্ষ্যে আইন ও বিচার বিভাগের অতিরিক্ত সচিবের নেতৃত্বে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। কমিটির মূল দায়িত্ব নির্ধারণ করা হয়েছে তিন ধাপে: মামলার তালিকা সংগ্রহ: জুলাই গণঅভ্যুত্থানের সময় সংঘটিত হত্যাসহ গুরুতর অপরাধের সব মামলা (মামলার বর্তমান পর্যায় উল্লেখসহ) সংগ্রহ করা। প্রসিকিউশনের কার্যক্রম পর্যবেক্ষণ: চার্জশিট দাখিলকৃত মামলাগুলোর প্রসিকিউশনে কোনো সমস্যা থাকলে তা চিহ্নিত করা এবং সমস্যার সমাধানের জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করা। কমিটি দেশের ভুক্তভোগী পরিবার ও সাধারণ জনগণকে কার্যক্রম সম্পর্কে নিয়মিত তথ্য প্রদান করবে। আইন মন্ত্রণালয় আশা

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভোটের আগে-পরে ৮ দিন মাঠে থাকবে আইনশৃঙ্খলা বাহিনী: ইসি সচিব

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ভোটের আগে ও পরে মোট আট দিন মাঠে থাকবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সোমবার (২০ অক্টোবর) আগারগাঁওয়ের নির্বাচন ভবনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে প্রাক-প্রস্তুতিমূলক বৈঠক শেষে এ তথ্য জানিয়েছেন নির্বাচন কমিশন (ইসি) সচিব আখতার আহমেদ। বৈঠক শেষে সাংবাদিকদের তিনি জানান, শুরুতে ইসির পরিকল্পনা ছিল ভোটের আগে-পরে মোট পাঁচ দিন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েনের। তবে বৈঠকে নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে আট দিনের প্রস্তাব

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সুখের খোঁজে মানসিক ও নিউরোসায়েন্সের অন্তর্দৃষ্টি

সূর্যোদয় প্রতিবেদক

রবীন্দ্রনাথ ঠাকুর যেমন লিখেছেন “এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না; শুধু সুখ চলে যায়, এমনই মায়ার ছলনা।” আজকের সমাজে এই কথার প্রাসঙ্গিকতা চোখে পড়ছে। অনেক মানুষ উদ্দেশ্যহীনভাবে একাধিক প্রেমে জড়ান। গার্ডিয়ানের একটি জরিপ অনুযায়ী, করোনার আগে প্রতি পাঁচজনের একজন এ ধরনের সম্পর্কের অংশ ছিলেন; কিন্তু লকডাউনের পর এই সংখ্যা দ্বিগুণেরও বেশি বেড়ে গেছে।

উদ্দেশ্যহীন প্রেম কেন হয়?

এই প্রবণতাকে দুই দিক থেকে ব্যাখ্যা করা যায় মানসিক ও নিউরোসায়েন্স। মানসিক দিক: মানুষের মনের নির্দিষ্ট জায়গায় অন্য কারও প্রতি আকর্ষণ জন্মায়। কখনও এটি শুধু ফ্লার্টিং বা মিষ্টি কথাবার্তা হিসেবে শুরু হয়। ধীরে ধীরে ফোন, সোশ্যাল মিডিয়া যোগাযোগ এবং ঘনিষ্ঠতা বাড়তে থাকে। এক পর্যায়ে দুজনের মন ও শরীরের সম্পর্কও একে অপরের সঙ্গে সংযুক্ত হয়ে যায়। কিন্তু কমিটমেন্ট না থাকায় সমস্যার সূত্রপাত হয়।

নিউরোসায়েন্সের ব্যাখ্যা: মানুষ প্রাকৃতিকভাবে একগামী না বহুগামী এ নিয়ে বিতর্ক থাকলেও, আজকের সমাজে একগামী মানুষের সংখ্যা বেশি।

৩-এর পৃষ্ঠা দেখুন




## স্বেচ্ছাসেবী মহিলাদের অনুদানের চেক বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে ২০২৪-২৫ অর্থবছরে স্বেচ্ছাসেবী মহিলার সমিতিগুলোর মাঝে অনুদানের চেক বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ৪১টি সমিতির মধ্যে ১১ লাখ ৭৫ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম চেক বিতরণকালে বলেন, “এই টাকা নিয়ে আপনারা কার্যকর পরিকল্পনা গ্রহণ করুন, যাতে আপনার পরিবর্তন হয় এবং দেশের উন্নয়ন ঘটে।” অনুষ্ঠানে জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুন, সুলতানা পারভীন, নুরুন্নাহার ও উম্মে হানি চায়না প্রমুখ বক্তব্য রাখেন।

## ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর রাজনীতিবিদরা ঐক্য হারিয়ে ফেলছেন: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর দেশের রাজনীতিবিদরা ঐক্য হারিয়ে ফেলছেন বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সোমবার (২০ অক্টোবর) দুপুরে রাজধানীর কাকরাইলের ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটের মুক্তিযোদ্ধা মিলনায়তনে ‘বিশ্ববিদ্যালয় পরিক্রমা’ মাসিক ম্যাগাজিনের উদ্যোগে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, ‘এত বড় একটি গণঅভ্যুত্থানের পর দেশের রাজনীতিকে নতুনভাবে সাজানোর বিরল সুযোগ সৃষ্টি হয়েছে। কিন্তু আমরা চারদিকে দেখছি, রাজনীতিবিদরা ঐক্য হারিয়ে ফেলছেন। অনৈক্যের সুর শুনছি সর্বত্র। এতে আমরা অনেকে হতাশ হচ্ছি।’ বিএনপি

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতে ইসলামী’র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের যাদবপুর গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকালে বিভিন্ন সড়ক ও দোকানপাটে অনুষ্ঠিত এ কর্মসূচিতে নেতৃত্ব দেন দলের আমির ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন রাজনৈতিক সেক্রেটারি কাজি রুহুল আমিন, সদর উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, বুড়িপোতা ইউনিয়নের আমির হাফেজ আবু জাফর সোহেল,

৩-এর পৃষ্ঠা দেখুন

## তেহরানের পরমাণু কর্মসূচিতে জাতিসংঘের পর্যবেক্ষণ শেষ

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে জাতিসংঘের পর্যবেক্ষণ কার্যক্রমের আনুষ্ঠানিক সমাপ্তি ঘটেছে। তেহরানের সঙ্গে ২০১৫ সালের পরমাণু চুক্তির মেয়াদ শেষ হওয়ায় জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সংশ্লিষ্ট ভূমিকা আর থাকছে না। শনিবার জাতিসংঘে পাঠানো এক যৌথ চিঠিতে এ ঘোষণা দিয়েছে ইরান, রাশিয়া ও চীন। জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং নিরাপত্তা পরিষদের উদ্দেশে পাঠানো ওই চিঠিতে তিন দেশ জানায়, জাতিসংঘের ২২৩১ নম্বর প্রস্তাবটি ১৮ অক্টোবর ২০২৫ তারিখে মেয়াদোত্তীর্ণ হয়েছে। ফলে এর আওতায় থাকা সকল বিধান ও বাধ্যবাধকতা এখন বাতিল বলে গণ্য হবে। চিঠিতে উল্লেখ করা হয়, যুক্তরাজ্য, ফ্রান্স এবং জার্মানি নিজেরাও ইতোমধ্যে

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে মাসুদ অরুন’র গণসংযোগ ও পথসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে কন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন গণসংযোগ ও পথসভা করেছেন। গতকাল রবিবার বিকালে সদর উপজেলার মনোহরপুর গ্রামে এ গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে উজুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে একটি মিছিল বের হয়ে মনোহরপুর গ্রামের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাসুদ অরুন। তিনি বলেন, “মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিএনপি ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে এবং প্রয়োজনে আবারও

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় পাঁচ ব্যবসায়ীর জরিমানা ৬৬ হাজার

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার নীলমনিগঞ্জ বাজারে অবৈধভাবে সার বিক্রি ও খাবার খোলা রেখে বিক্রির দায়ে পাঁচ ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে।গতকাল সোমবার দুপুর দেড়টায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিশেষ অভিযানে এ ব্যবস্থা নেওয়া হয়। চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, অভিযানটি সদর

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিষাক্ত ধোঁয়াশায় ঢেকে গেছে নয়াদিল্লি

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের রাজধানী নয়াদিল্লি আবারও বিষাক্ত ধোঁয়াশার চাদরে ঢেকে গেছে। সোমবার (২০ অক্টোবর) সকালে শহরের আকাশ ঘন ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে পড়ে। দূষণের মাত্রা বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) নির্ধারিত দৈনিক সীমার চেয়ে ১৬ গুণেরও বেশি বেড়ে গেছে বলে জানিয়েছে পরিবেশ পর্যবেক্ষণ সংস্থা আইকিউএয়ার। নয়াদিল্লির তিন কোটিরও বেশি বাসিন্দা প্রতিদিনই শ্বাস নিচ্ছেন এক প্রাণঘাতী বায়ুমণ্ডলে। প্রতি বছর শীতের শুরুতেই শহরে এমন ধোঁয়াশা নেমে আসে। ঠান্ডা

৩-এর পৃষ্ঠা দেখুন



## কার্গো ভিলেজের আগুনে ১২ হাজার কোটি টাকার ক্ষতি: ইএবি

সূর্যোদয় প্রতিবেদন

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে অগ্নিকাণ্ডে প্রায় ১২ হাজার কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি করেছে রপ্তানিকারকদের সংগঠন এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ইএবি)। সংগঠনটি ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের দ্রুত ক্ষতিপূরণ

২-এর পৃষ্ঠা দেখুন

## হুতি বিদ্রোহীদের হাতে জাতিসংঘের ২০ কর্মী আটক

সূর্যোদয় প্রতিবেদন

ইয়েমেনে ইরান-সমর্থিত হুতি বিদ্রোহীরা জাতিসংঘের ২০ জন কর্মীকে আটক করেছে। এ ঘটনা ঘটে রবিবার, একদিন পর যখন বিদ্রোহীরা সানার একটি জাতিসংঘ প্রতিষ্ঠানে রেইড চালায়। জাতিসংঘের ইয়েমেন রেসিডেন্ট কোঅর্ডিনেটরের মুখপাত্র জিন আলাম জানান, আটককৃতরা সানার দক্ষিণ-পশ্চিম হাদা এলাকায় অবস্থিত প্রতিষ্ঠানের ভিতরে ছিলেন। আটককৃতদের মধ্যে ৫ জন ইয়েমেনি এবং ১৫ জন আন্তর্জাতিক কর্মী রয়েছেন। এ ঘটনায় প্রশ্নোত্তর পর ১১ জন

২-এর পৃষ্ঠা দেখুন


✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## কুকি এক্সেপ্ট না ডিকলাইন আসলে কী হয়?

সূর্যোদয় প্রতিবেদন

আমাদের প্রায় সবারই এমন অভিজ্ঞতা হয়েছে কোনো ওয়েবসাইটে ঢুকলেই একটি পপ-আপ ব্যানার দেখা যায়, যেখানে জিজ্ঞাসা করা হয়, আপনি “কুকি” গ্রহণ করবেন নাকি প্রত্যাখ্যান করবেন। অনেকেই না ভেবে যেকোনো একটি অপশন বেছে নেন। কিন্তু কুকি গ্রহণ বা প্রত্যাখ্যানের মধ্য দিয়ে আসলে কী ঘটে, তা অনেকেই জানেন না। ‘কুকি’ হলো ছোট একটি ডেটা ফাইল, যা ওয়েবসাইট আপনার কম্পিউটার বা মোবাইল ডিভাইসে সংরক্ষণ করে। এর মূল উদ্দেশ্য হলো ব্যবহারকারীর অভিজ্ঞতা উন্নত করা এবং ওয়েবসাইটকে সঠিকভাবে কাজ করতে সহায়তা করা।




সাধারণত চার ধরনের কুকি থাকে - এসেনশিয়াল : ওয়েবসাইট সঠিকভাবে কাজ করার জন্য একেবারেই প্রয়োজনীয়। এগুলো প্রত্যাখ্যান করা যায় না।

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ২১ অক্টোবর ২০২৫ ইং

## বিদ্যালয় মাঠে জলাবদ্ধতা দ্রুত ব্যবস্থা প্রয়োজন

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের কেন্দ্রস্থলে অবস্থিত বামন্দী নিশিপুর স্কুল অ্যান্ড কলেজ ও বামন্দী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ টানা চার মাস ধরে পানির নিচে। দীর্ঘদিনের এই জলাবদ্ধতায় দুই প্রতিষ্ঠানের হাজারো শিক্ষার্থীর পাঠদান ব্যাহত হচ্ছে, খেলাধুলা বন্ধ হয়ে গেছে। অথচ এতদিনেও সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি এটি অত্যন্ত দুঃখজনক। স্থানীয়রা জানিয়েছেন, সামান্য বৃষ্টিতেই মাঠে পানি জমে যায়, কিন্তু নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় পানি দীর্ঘদিন থাকে। ফলে শিক্ষার্থীরা প্রতিদিন কাদা-পানি মাড়িয়ে বিদ্যালয়ে যাচ্ছে। অনেক শ্রেণিকক্ষ ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে, এতে শিক্ষার পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষ জানিয়েছেন, জেলা পরিষদের বরাদ্দে যে ২ লাখ টাকার কাজ হওয়ার কথা ছিল, তা এখনো শুরু হয়নি। উপজেলা প্রশাসন বলেছে, প্রাথমিক বিদ্যালয়ের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে আলোচনা চলছে এবং কলেজকে নিজস্ব তহবিল থেকে পানি নিষ্কাশনের ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু প্রশ্ন হলো, চার মাস পার হয়ে গেলেও কেন সমস্যার স্থায়ী সমাধান হয়নি? দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলোর সমন্বয়ের অভাবই এর মূল কারণ বলে মনে হয়। শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ রক্ষায় গাফিলতি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। আমরা মনে করি, বামন্দী এলাকার এই জলাবদ্ধতা সমস্যার তাৎক্ষণিক সমাধান এখন সময়ের দাবি। জেলা পরিষদ, শিক্ষা দপ্তর ও স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা নিতে হবে। পাশাপাশি ভবিষ্যতে এমন পরিস্থিতি রোধে স্থায়ী ড্রেনেজ ব্যবস্থা গড়ে তোলা জরুরি। শিক্ষার্থীরা যেন স্বাভাবিকভাবে পাঠ নিতে ও খেলাধুলায় অংশ নিতে পারেড়এটাই এখন প্রধান কর্তব্য। সরকারের সংশ্লিষ্ট দপ্তরগুলোর তাৎক্ষণিক হস্তক্ষেপই পারে বামন্দীর শিক্ষাঙ্গনে প্রাণ ফিরিয়ে আনতে।

নাসরীন সুলতানা চৌধুরী

## সবুজ পৃথিবী , অবুঝ আমরা! আমরা

নগর বাসি যখন নাগরিক জীবনের ইট পাথরের বাড়িতে হাঁপিয়ে উঠছিল । তখন কিছু প্রকৃতি প্রেমীর উদ্যেগে অনুপ্রানিত হয়ে ,নগরবাসীরা নিজ বাড়ির বা ফ্ল্যাটের ছাদে সবুজ বাগান তৈরি করে হাঁফ ছেড়ে বাঁচতে চেয়েছিল। এই বাগান চর্চাকে কেন্দ্র করে কিছু অপ্রীতিকর ঘটনা আমাদের সমাজে ঘটেছে যা, সোশাল মিডিয়ায় ভাইরাল হয়ে গিয়েছিল এবং যা দেশের প্রচলিত আইনের ধারায় থানা ও জেল অব্দি গড়িয়েছিল। নিরীহ গাছ অনেক ক্ষেত্রেই, দুপক্ষের শত্রুতার কঠিন শিকারে আক্রান্ত হয়েছে সেই অনাদি কাল থেকেই। দুভাইয়ের জায়গা জমির বিরোধের ও বলী হয়েছে নিরীহ গাছ। গাছপালা হচ্ছে নাইট্রোজেন শোষক আর অক্সিজেনের ফ্যাক্টরি ।তাই প্রকৃতির অংশ গাছ পালাকে ব্যাক্তিগত ভাবে ভাল বাসুন আর নাই বাসুন, বেঁচে থাকার জন্য গাছ পালা সকলেরই প্রয়োজন শহুরে জীবন যাত্রায় একমুঠো সবুজের ছোঁয়া পেতে ছাদ বাগান তৈরির প্রক্রিয়া যা রীতিমতো, আন্দোলনে রূপ নিচ্ছিল তা যেনো ;আমাদের কর্মকান্ডে মাঝ পথে থমকে না যায় । নাগরিক জীবন যাত্রায় ফ্ল্যাট বাড়ির একেকটি ফ্লোর বা ইউনিট ক্রয়/বিক্রয় শুরূ হয়েছিল আমাদের নিজেদেরই প্রয়োজনে। জমি একখন্ড কিন্তু কালের পরিক্রমায় সেই জমির ভাগিদার বা ওয়ারিশ একাধিক; ক্ষেত্র বিশেষে দশ বা বার জন । যুগের সাথে তাল মিলিয়ে ও প্রয়োজনের উপযোগী কৌশলও তৈরি হল। পাঁচ/দশ/পনেরো/বিশ কাঠার একখন্ড জমিতেই তৈরি হল বহূতল ভবন। বর্ধিত জনগোষ্ঠীর,চাহিদার কথা মাথায় রেখে ভবনের মালিকানার ফিফটিঃ ফিফটি রেশিওর মত নূতন কনসেপ্ট নিয়ে ; একদল ব্যাবসায়ী বাড়ি নির্মাণ করা শুরু করলো। এই ব্যাবসায়ীদের নাম দেয়া হলো ডেভোলপার। ভবনের বিক্রয় করা অংশ ক্রয় করে নিয়ে ঢাকায় বসবাসের সুযোগ পেয়ে গেল অসংখ্য লোক। যাদের অনেকেরই নাগরিক জীবনের সাথে পরিচয় নেই, ধারনা নেই নগর জীবনের শিষ্টাচারের প্রতিও। এরা শহরে ফ্ল্যাট কিনে ফ্ল্যাটের মালিক হয়েছে। ডেভোলপার বাড়ি নির্মাণের পরে উক্ত জমি ও পুরো ভবনের উপর জমির মালিক তার প্রাপ্য অংশতেই দখল দারিত্ব চালাতে পারবেন পুরো ভবনে নয় ,এটা মেনে নেয়ার মত মানসিকতা বা সংস্কৃতি আমাদের দেশের জমির মালিকদের এখনও তৈরি হয় নাই। ডেভোলপার কর্তৃক নির্মিত একটি ভবনে বা বাড়িতে অনেক জনই মালিক থাকেন। যাদের মধ্যে আছেন ল্যান্ড ওনার, ডেভোলপার ,ফ্ল্যাট কেনার পর ফ্ল্যাটের মালিক গন। এরা প্রত্যেকেই একটি ভবনের স্টেক হোল্ডার বা ভবনের সুবিধা ভোগকারী দল/অংশ। এই স্টেক হোল্ডার গন মিলে একটি কমিটি বা সমিতি গঠন করেন ভবনটিকে কার্যকর রাখার জন্য। প্রতিটি এপার্টমেন্টের এই রকম কমিটি বা সমিত রয়েছে। (লেখক ও গবেষক, বনানী, ঢাকা।)

# অমুসলিমদের কি মসজিদে প্রবেশ নিষেধ?

সৈয়দ নজরুল ইসলাম

মসজিদের আদব-সম্মান রক্ষা করে অমুসলিমদের জন্যও মসজিদে প্রবেশ করার অনুমতি আছে। আর দাওয়াতি উদ্দেশ্যে হলে তো কোনো সমস্যাই নেই। সুতরাং আপনি তাকে মসজিদে এনে কোনো অন্যায় করেননি। উসমান ইবনে আবিল আস রা. বর্ণনা করেন, যখন ছাকীফ গোত্রের প্রতিনিধিদল নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসল, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের মসজিদে থাকার ব্যবস্থা করে দিলেন। যেন তাদের দিল নরম হয়। হানাফি মাজহাব মতে, অমুসলিমরা কোনো প্রয়োজন হলে মুসলমানদের অনুমতি নিয়ে মসজিদে প্রবেশ করতে পারবে। ইমাম শাফেয়ি (রহ)-এর মতে, অমুসলিমরা মসজিদুল হারামে প্রবেশ করতে পারবে না, তবে অন্য যেকোনো মসজিদে প্রবেশ করতে পারবে। ইমাম আহমদ (রহ.)-এর মতে, অমুসলিমরা হেরেম শরিফে প্রবেশ করতে পারবে না, তবে অন্য যেকোনো মসজিদে প্রবেশ করতে পারবে।

ইমাম মালেক (রহ)-এর মতে, অমুসলিমদের মসজিদুল হারামসহ কোনো মসজিদেই প্রবেশ করা বৈধ নয়। কেননা কাবা শরিফ ও মসজিদুল হারামকে কেন্দ্র করেই অন্য সব মসজিদ প্রতিষ্ঠিত হয়েছে। এ বিষয়ে আল্লামা রশিদ রেজা (রহ.) লিখেছেন, ইসলামের ইতিহাস ও মহানবী (সা.)-এর জীবনচরিত সম্পর্কে বোদ্ধা মহল ভালোভাবেই জানে যে মুসলমানরা লেনদেন ও সামাজিকতার ক্ষেত্রে অমুসালমদের সঙ্গে মিলেমিশেই থাকত। বিশেষত হুদাইবিয়ার সন্ধির পর বিশেষ শর্ত সাপেক্ষে অমুসলিমদের কষ্ট দেওয়া, তাদের সঙ্গে যুদ্ধ নিষিদ্ধ করা হয়। সেই সময় তাদের প্রতিনিধিরা মহানবী (সা.)-এর কাছে আসত এবং মসজিদে নববীতে প্রবেশ করত।

একইভাবে নাজরানের ইহুদি-খ্রিস্টানরাও এসেছে। তাদের সঙ্গে কখনো ‘অপবিত্র’ আচরণ করা হয়নি।

তাদের দেহ মিলিত হওয়ার দরুন কোনো কিছু ধৌত করতেও বলা হয়নি।’ প্রতিনিধিরা নবী করিম (সা.)-এর কাছে এলে তাদের মসজিদে নববীতে অবস্থান করতে দেওয়া হয়। অথচ তারা তখনো অমুসলিম ছিল।

## ব্যাংকারের মসলা চাষ: দেড় বিঘা

(প্রথম পৃষ্টার পর)

সরবরাহ উভয়ই বৃদ্ধি পাবে। উদ্যোগী ব্যক্তিদের মতে, একাঙ্গী চাষে কম খরচে উল্লেখযোগ্য লাভ পাওয়ার সম্ভাবনা থাকায় এটি একটি প্রতিযোগিতামূলক ও লাভজনক ফসল।

## কেড়ে নিল তিন তরুনের প্রাণ

(প্রথম পৃষ্টার পর)

করা হয়েছে। নিখোঁজ অপর এক শিক্ষার্থীকে উদ্ধারে ফায়ার সার্ভিসের ডুবুরি দলের অভিযান অব্যাহত রয়েছে। তিনি আরও জানান, পরবর্তী আইনগত প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

## মায়ের কোলে নবজাতক, হাতে

(প্রথম পৃষ্টার পর)

এ উদ্যোগের প্রথম দিনে মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মেহেরপুর পৌরসভার নতুনপাড়ার রাসেল শেখ এর স্ত্রী সান্তনা খাতুন স্বাভাবিক প্রসবের মাধ্যমে একটি কন্যা সন্তানের জন্ম দেন। জন্মের কিছুক্ষণের মধ্যেই জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম মা ও নবজাতক সারাহ বিনতে রাসেল-এর হাতে শুভেচ্ছা উপহার ও জন্ম নিবন্ধন সনদ তুলে দেন। জেলা প্রশাসক বলেন, “স্বাভাবিক প্রসবকে উৎসাহিত করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এতে মা ও নবজাতক উভয়ের স্বাস্থ্য সুরক্ষিত থাকে এবং সরকারি সেবার প্রতি জনগণের আস্থা বাড়ে।” এ সময় জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক আব্দুস সাত্তার,সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আঞ্জুমান আর, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়ইরুল ইসলাম,সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর,মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রুমানা হেলালি জুঁশি প্রমূখ সেখানে উপস্থিত ছিলেন।

## চোরের সাথে ধস্তা ধস্তিতে আহত দুই

(প্রথম পৃষ্টার পর)

পর চরের দল পালিয়ে যায়। পরে স্থানীযরা রবিউল ও তার ছেলে হাসানকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। তাদের অবস্থা আশংকা জনক হওয়ায় হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক কুস্টিয়া মেডিকল কলেজ হাসপাতালে রেফার্ড করে। মেহেরপুর সদর থানার ওসি জানান খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।

## সাত দফা দাবিতে শিক্ষকদের

(প্রথম পৃষ্টার পর)

মিছিলটি প্রধান সড়ক ঘুরে জেলা প্রশাসক কার্যালয় চত্বরে পৌঁছে। পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন জেলা শাখার সভাপতি আলামিন ইসলাম। বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, সদর উপজেলা সভাপতি মহলেছুর রহমান, গাংনী উপজেলা সভাপতি আবুল হাশেম, মুজিবনগর উপজেলা সভাপতি মোশারফ হোসেন, কলেজ পরিষদের সভাপতি রকিবুল আলম, কারিগরি পরিষদের সভাপতি আরিফুল ইসলাম, মাধ্যমিক পরিষদের সাধারণ সম্পাদক জাব্বারুল ইসলাম প্রমুখ।

শিক্ষকদের মূল দাবি : ৪৫% বাড়ি ভাড়া ভাতা, ১৫০০ টাকা চিকিৎসা ভাতা, শতভাগ উৎসব ভাতা, প্রস্তাবিত ১ হাজার ৮৯ এবতেদায়ী মাদ্রাসা এমপিভুক্ত করা, নন-এমপিও শিক্ষকদের চাকুরী ও শিক্ষা প্রতিষ্ঠান এমপিভুক্ত করা ও অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের বুকেয়া ভাতা পরিশোধ করা। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম স্মারকলিপি গ্রহণ করে যথাসময়ে যথাস্থানে পৌঁছে দেওয়ার আশ্বাস দেন। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, গাংনী ও মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ বিভি-ন্ন প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকরা উপস্থিত ছিলেন।

## মুজিবনগরে ৫ আসামী গ্রেফতার

(প্রথম পৃষ্টার পর)

পুলিশ জানায়, জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের সঙ্গে যুক্ত আসামীদের গ্রেফতারের উদ্দেশ্যে অভিযান চলমান রয়েছে।

## অ্যাড. কামরুল হাসানের নেতৃত্বে

(প্রথম পৃষ্টার পর)

ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং বিভিন্ন শ্রেণিপেশার মানুষের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফায়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সুবিদপুর ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি কেনেডি, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, বিএনপি নেতা নাহিদসহ ইউনিয়নের সকল ওয়ার্ডের নেতাকর্মী ও সহযোগী অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

## সিনেমা স্টাইলে প্যারিসে ল্যুভর

(প্রথম পৃষ্টার পর)

কাচের তাক ভেঙে ফেলে এবং ভেতরে থাকা মূল্যবান গয়না তুলে নেয়। চুরি হওয়া রত্নগুলোর মধ্যে আছে রাজকীয় নীলা ও পান্নার নেকলেস, কানের দুল এবং নেপোলিয়ন তৃতীয়ের স্ত্রী সম্রাজ্ঞী ইউজেনির মুকুট। এ মুকুটে ছিল ২১২টি মুক্তা, ১ হাজার ৯৯৮টি হীরা এবং ৯৯২টি রোজ-কাট হীরা। আরও চুরি গেছে ইউজেনির কোমরবন্ধনী (বেল্ট), যাতে জড়ানো ছিল ২,৪৩৮টি হীরা ও ১৯৬টি রোজ-কাট হীরা। তাছাড়া চোরেরা নিয়ে গেছে ১৮৫৫ সালের ‘রেলিকুয়ারি ব্রোচ’, রানি হরটেন্স ও রানি মেরি অ্যামেলির ব্যবহৃত কানের দুল, এবং নেপোলিয়নের দ্বিতীয় স্ত্রী মেরি লুইসকে দেওয়া পান্না-হীরার গয়নার একটি অংশ। ২০০৪ সাল থেকে গয়নাগুলো ল্যুভরে প্রদর্শিত হচ্ছিল। নিউ ইয়র্ক টাইমস জানিয়েছে, দক্ষিণ পাশের বাইরে সেইন নদীর ধারে চোর দলের আরও দুই সদস্য স্কুটারে অপেক্ষা করছিল। গ্যালারি থেকে নামার সঙ্গে সঙ্গেই চোরেরা দ্রুত পালিয়ে যায় স্কুটারে চড়ে। পুরো অভিযান শেষ হয় মাত্র সাত মিনিটে। প্রাথমিকভাবে কয়েকটি সংবাদমাধ্যম ঘটনাটিকে ডাকাতি হিসেবে বর্ণনা করলেও, সোমবার সরকারি কর্মকর্তারা একে ‘পরিকল্পিত চুরি’ বলে উল্লেখ করেন। ইতিমধ্যে ৬০ সদস্যের একটি বিশেষ তদন্ত দল গঠন করা হয়েছে। কর্মকর্তারা ধারণা করছেন, এর পেছনে সংঘবদ্ধ আন্তর্জাতিক চক্রের সম্পৃক্ততা রয়েছে। প্যারিসের মেয়র এরিয়েল ওয়েইল ঘটনাটিকে ‘অবিশ্বাস্য ও লজ্জাজনক’ বলে অভিহিত করেছেন। তিনি বলেন, “এটি কোনো সিনেমা বা টিভি সিরিজের দৃশ্য নয়। দিনের আলোয় ফ্রান্সের ঐতিহ্যের অংশ রাজমুকুটের রত্ন চুরি হয়ে গেছে।”

## রোগাক্রান্ত গরুর মাংশ বিক্রির

(প্রথম পৃষ্টার পর)

সুমাইয়া জাহান ঝুরকা ভ্রাম্যমান আদালত বসিয়ে এ রায় প্রদান করে। দন্ড প্রাপ্ত শরিফুল ইসলাম মেহরেপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের মৃত নয়মুদ্দীন খানের ছেলে।

মেহেরপু জেলা স্যানিটারী ইন্সপেক্টর ও নিরাপদ খাদ্য পরিদর্শক মোঃ তারিকুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমরা জানতে পারি মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া বাজারে রোগান্ত্র গরু জবাই করে মাংশ বিক্রি করা হচ্ছে। এ সংবাদের ভিত্তিতে সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকার নেতৃত্বে অভিযান পরিচালনা করা হয়। পরে সেখানে ভ্রাম্যমান আদালত বসিয়ে বিশ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। রোগাক্রান্ত গরুর মাংশ জব্দ করে জনসম্মুখে কেরাসিন ঢেলে মাটিতে পুতে ফেলা হয়েছে।

## আর্জেন্টিনাকে হারিয়ে ইতিহাস সৃষ্টি

(প্রথম পৃষ্টার পর)

হয়। প্রথমার্ধে ২-০ গোলে পিছিয়ে পড়ার পরও আর্জেন্টিনা দ্বিতীয়ার্ধে ম্যাচে ফেরার চেষ্টা চালায়, কিন্তু মরক্কোর শক্তিশালী প্রতিরক্ষা ভাঙতে পারেনি। ইয়াসির জাবিরি, ওথমান মাম্মা ও জেসিম ইয়াসিনের অবদানকে কাজে লাগিয়ে মরক্কো প্রথমবারের মতো যুব বিশ্বকাপের শিরোপা জিতল। ২০০৯ সালের পর ঘানার পর এটি আফ্রিকার দ্বিতীয় দেশ হিসেবে এই গৌরব অর্জন। মরক্কো সেমিফাইনালে ফ্রান্সকে টাইব্রেকারে হারিয়ে প্রথমবার ফাইনালে ওঠে, আর আর্জেন্টিনা কলম্বিয়াকে ১-০ গোলে হারিয়ে নবমবার ফাইনালে পৌঁছায়।

## কার্যকর সাক্ষরতা ও দক্ষতা

(প্রথম পৃষ্টার পর)

মাদরাসার অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ মাহবুব উল আলম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, মুজিব নগর ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যাপক আশরাফুল ইসলাম, জেলা তথ্য অফিসার মো. আব্দুল্লাহ আল মামুন, জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ এবং মেহেরপুর পিটিআইয়ের সুপারিন্টেন্ডেন্ট মোছা ফরিদা ইয়াসমিন।

স্বাগত বক্তব্য দেন জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ মোহাম্মদ সুরুজ্জামান। এ প্রশিক্ষণ কার্যক্রমে দুটি ট্রেডে প্রায় ৪০ জন ছেলে-মেয়ে অংশগ্রহণ করছে।

## মেহেরপুরে বিশ্ব ও জাতীয়

(প্রথম পৃষ্টার পর)

মুজিবনগর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মো. মনিরুজ্জামান সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ সারথি শীল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সঞ্জীব মৃধা, জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, ইসলামীক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, জেলা জনস্বাস্থ্য অফিসের নির্বাহী প্রকৌশলী মসলে উদ্দিন, এবং ব্র্যাকের জেলা সমন্বয়কারী শেখ মনিরুল হুদা। আলোচনা সভার আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ এর নেতৃত্বে একটি র‍্যালি বের হয়। র‍্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই জায়গায় শেষ হয়। র‍্যালি ও আলোচনা সভায় জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, এনজিও প্রতিনিধি, সুধীজন ও সাংবাদিকরা অংশগ্রহণ করেন।

## মুজিবনগরে বৈষম্যহীন সমাজ ও

(প্রথম পৃষ্টার পর)

ওয়াজেদ আলি খান। যশোর রিজিওনের কোঅর্ডিনেটর মো: খোরশেদ আলম প্রধান বক্তব্য উপস্থাপন করেন। স্থানীয় রাজনৈতিক ও ধর্মীয় নেতারা বৈষম্যহীন সমাজ গঠনের আহ্বান জানান। বাংলাদেশ জামায়াত ইসলামের মঞ্জুরুল ইসলাম বলেন, “সকল শ্রেণি-পেশার মানুষকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। রাজনৈতিক ও ধর্মীয় বিভাজন দূর করে শান্তি ও সম্প্রীতির সংস্কৃতি গড়ে তুলতে হবে।” মৎস্যজীবী ও ডিলাররা সরকারের পক্ষ থেকে ওষুধ, জাল ও অন্যান্য সহায়তা সরবরাহের প্রয়োজনীয়তা জানান। সমাবেশে উপস্থিতরা একযোগে বৈষম্যহীন ও শান্তিপূর্ণ সমাজ গঠনের অঙ্গীকার করেন এবং প্রতিবেশির প্রতি সৌহার্দ্য বজায় রাখার আহ্বান জানান। উপস্থিত ছিলেন: মুজিবনগর উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, পিস অ্যাম্বাসেডর, স্থানীয় রাজনৈতিক ও সামাজিক নেতারা এবং বিভি-ন্ন গ্রামের মৎস্যজীবীরা।

## বিএনপি কার্যালয়ে সাংবাদিক

(প্রথম পৃষ্টার পর)

হামলা মানে গণতন্ত্র ও মতপ্রকাশের স্বাধীনতার ওপর সরাসরি আঘাত। বিবৃতিতে আরও বলা হয়, গণমাধ্যম রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ; তাই সংবাদকর্মীদের ওপর আক্রমণ জনগণের তথ্য জানার অধিকার হরণ করে। এনসিপি দাবি করছে, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে ঘটনাটির নিরপেক্ষ তদন্ত করে দায়ীদের শনাক্ত ও আইনের আওতায় আনতে হবে। একইসঙ্গে রাজনৈতিক দলসমূহের কার্যালয়ে কর্মরত সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। দলটি বিএনপির প্রতি আহ্বান জানিয়েছে এই ঘটনায় জড়িতদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করে দৃষ্টান্ত স্থাপন করতে হবে। বিবৃতিতে আরও বলা হয়, মুক্ত সাংবাদিকতা ও মতপ্রকাশের স্বাধীনতা ছাড়া কোনো গণতান্ত্রিক ব্যবস্থা টিকে থাকতে পারে না। এ ধরনের ঘটনা জনমনে ফ্যাসিবাদী রাজনৈতিক সংস্কৃতির আশঙ্কা তৈরি করে। এনসিপি জাহিদুল ইসলামসহ সব নির্যাতিত সাংবাদিকের পাশে থাকার ঘোষণা দিয়েছে। বিবৃতির শেষাংশে এনসিপি বলেছে, “গণঅভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশে গণমাধ্যমকর্মীদের জন্য নিরাপদ পরিবেশ গড়ে তোলা ও নাগরিকদের মত প্রকাশ ও তথ্য জানার অধিকার নিশ্চিত করতেই আমাদের অঙ্গীকার।”

## কার্গো ভিলেজের আগুনে ১২ হাজার

(শেষ পৃষ্টার পর)

প্রদান এবং ভবিষ্যতে এমন ঘটনা রোধে নিরাপত্তা ব্যবস্থা জোরদারের আহ্বান জানিয়েছে। আজ সোমবার রাজধানীর কারওয়ান বাজারে হোটেল সোনারগাঁওয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানান ইএবি সভাপতি মোহাম্মদ হাতেম। এ সময় তৈরি পোশাক, বস্ত্র, ওষুধ, চামড়া, কৃষিপণ্যসহ বিভিন্ন খাতের রপ্তানিকারক ব্যবসায়ী নেতারা উপস্থিত ছিলেন। লিখিত বক্তব্যে মোহাম্মদ হাতেম বলেন, “বিমানবন্দরের কার্গো ভিলেজে অগ্নিকাণ্ডের ঘটনায় ব্যবসায়ীরা গভীরভাবে শঙ্কিত। এর মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থার ভয়াবহ দুর্বলতা প্রকাশ পেয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, এই ঘটনায় প্রায় ১২ হাজার কোটি টাকার ক্ষতি হয়েছে।” তিনি আরও বলেন, “এটি প্রমাণ করেছে যে কার্গো ভিলেজের নিরাপত্তা ব্যবস্থা কার্যকর নয়। দীর্ঘদিন ধরে আমরা নিরাপত্তাহীনতা, গুদাম ব্যবস্থাপনার অব্যবস্থাপনা ও মালামাল চুরির অভিযোগ জানিয়ে আসছি, কিন্তু কোনো কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি।” ইএবি সভাপতি দাবি করেন, অগ্নিকাণ্ডে ওষুধ, তৈরি পোশাক, কৃষিপণ্য, ফলমূল, হিমায়িত খাদ্যসহ একাধিক খাতের রপ্তানিকারকরা ক্ষতিগ্রস্ত হয়েছেন। এ ঘটনার ফলে বিদেশি ক্রেতাদের মধ্যে বাংলাদেশের রপ্তানি পণ্যের নিরাপত্তা নিয়ে শঙ্কা দেখা দিতে পারে, যা ভবিষ্যতের রপ্তানি অর্ডার ও চুক্তিতে নেতিবাচক প্রভাব ফেলবে। সংগঠনটি ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের পাশে দাঁড়াতে সরকার ও বিমা কোম্পানিগুলোর প্রতি আহ্বান জানিয়েছে। ইএবি বলেছে, বিমা-কভারেজ থাকা পণ্যের দাবিগুলো দ্রুত নিষ্পত্তি করা এবং বিমা-বহির্ভূত ক্ষতির জন্য সরকারি বিশেষ তহবিল গঠন করে সহায়তা প্রদান করা জরুরি। মোহাম্মদ হাতেম বলেন, “সরকারকে এ ঘটনাটি যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে। দ্রুত তদন্ত সম্পন্ন করে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে, যাতে ভবিষ্যতে এ ধরনের দুর্ঘটনা আর না ঘটে।” সংবাদ সম্মেলনে ব্যবসায়ীরা কার্গো ভিলেজের আধুনিকায়ন ও নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নের পাশাপাশি ওষুধ শিল্পের জন্য আলাদা শীতাতপ নিয়ন্ত্রিত গুদাম স্থাপন, নিরাপদ দূরত্বে রাসায়নিক গুদাম নির্মাণ এবং সম্পূর্ণ অটোমেটেড ও আধুনিক প্রযুক্তিনির্ভর গুদাম ব্যবস্থাপনা নিশ্চিত করার দাবি জানান।

উল্লেখ্য, গত শনিবার দুপুর আড়াইটার দিকে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো এলাকায় আকস্মিকভাবে আগুন লাগে। ফায়ার সার্ভিসের একাধিক ইউনিটের দীর্ঘ প্রচেষ্টায় কয়েক ঘণ্টা পর আগুন নিয়ন্ত্রণে আসে। তবে ততক্ষণে বহু রপ্তানি পণ্য পুড়ে ছাই হয়ে যায়।

## হুতি বিদ্রোহীদের হাতে জাতিসংঘের

(শেষ পৃষ্টার পর)

কর্মীকে মুক্তি দেওয়া হয়েছে, তবে ২০ জন এখনও হুতিদের নিয়ন্ত্রণে রয়েছেন। জিন আলাম বলেন, “জাতিসংঘ হুতিদের সঙ্গে যোগাযোগ রেখেছে এবং অন্যান্য পক্ষকে আহ্বান জানিয়েছে দ্রুত এই জটিল পরিস্থিতি সমাধান করতে, সব কর্মীকে মুক্তি দিতে এবং সানায় তার প্রতিষ্ঠানের পূর্ণ নিয়ন্ত্রণ পুনঃপ্রতিষ্ঠা করতে।” এক শর্তসাপেক্ষ কর্মকর্তা আরও জানান, হুতিরা প্রতিষ্ঠানের সব যোগাযোগ সরঞ্জাম, ফোন, সার্ভার ও কম্পিউটার জব্দ করেছে। আটককৃতরা বিভিন্ন জাতিসংঘ সংস্থার কর্মী, যার মধ্যে রয়েছে বিশ্ব খাদ্য কর্মসূচি, ইউনিসেফ এবং মানবিক সহযোগিতা সমন্বয় অফিস। হুতিরা ইয়েমেনের বিদ্রোহী-নিয়ন্ত্রিত অঞ্চলে দীর্ঘদিন ধরে জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার ওপর দমন নীতি চালাচ্ছে। এর মধ্যে রয়েছে সানা, উপকূলীয় শহর হুদেইদা এবং উত্তরের সাদা প্রদেশ। এ পর্যন্ত পঞ্চাশের বেশি জাতিসংঘ কর্মী আটক হয়েছে। চলতি বছরের শুরুতে সাদা প্রদেশে একটি বিশ্ব খাদ্য কর্মসূচির কর্মী আটককালে নিহত হয়। হুতিরা বারবার ভিত্তিহীনভাবে অভিযোগ করেছে যে আটককৃতরা গুপ্তচর, তবে জাতিসংঘ এই অভিযোগ অস্বীকার করেছে। এই দমন নীতির কারণে সাদা প্রদেশে জাতিসংঘের কার্যক্রম স্থগিত করা হয়েছে। এছাড়া সানার হিউম্যানিটেরিয়ান কোঅর্ডিনেটরকে আডেনে স্থানান্তর করা হয়েছে, যা আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকারের সদর দপ্তর।

## লেবানন হিজবুল্লাহকে নিরস্ত্র করতে ব্যর্থ হলে ইসরাইলের সঙ্গে যুদ্ধ অনিবার্য

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত টম ব্যারাক বলেছেন লেবানন যদি হিজবুল্লাহকে নিরস্ত্র করতে ব্যর্থ হয়, তাহলে ইসরায়েলের সঙ্গে একটি বড় ধরনের যুদ্ধের সম্ভাবনা অনিবার্য হবে। সোমবার (২০ অক্টোবর) তার সোশ্যাল মিডিয়া পোস্টের উদ্ধৃতি দিয়ে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা এই তথ্য জানিয়েছে। টম ব্যারাক তার পোস্টে বলেন, যদি বৈরুত কঠোর পদক্ষেপ নেতে ব্যর্থ হয় তাহলে হিজবুল্লাহকে ইসরায়েলের সম্মুখীন হতে হবে ড় এমন এক মুহূর্তে যখন ইসরায়েলের সামরিক শক্তি বেশি থাকবে এবং ইরান হিজবুল্লাহর দুর্বলতাকে সমর্থন করবে। তিনি সতর্ক করে বলেন যে পরিস্থিতি এমনভাবে এগোলে তা অঞ্চলে বড় ধরনের ঝামেলা সৃষ্টি করতে পারে। রাষ্ট্রদূত আরও ব্যাখ্যা করেন যে হিজবুল্লাহর অস্ত্র এবং রাজনৈতিক অবস্থান লেবাননের সামনে অস্ত্রশস্ত্রীকরণ ও রাজনৈতিক স্থিতিশীলতার বড় চ্যালেঞ্জ হিসেবে থেকে যাবে। তিনি উল্লেখ্য করেন, এই ইস্যুটি ২০২৬ সালের লেবানিজ জাতীয় নির্বাচনের উপরেও প্রভাব ফেলতে পারে ড় যদি হিজবুল্লাহকে নিরস্ত্র করা না যায় তবে দেশটির রাজনৈতিক সংকট গভীরতর হয়ে জাতীয় নির্বাচন স্থগিত বা স্থলাবস্থা হওয়ার সম্ভাবনা দেখা দেবে। লেবানন সরকার সম্প্রতি হিজবুল্লাহকে নিরস্ত্র করার জন্য একটি ফরমান জারি করেছিল। তবে হিজবুল্লাহ ওই ফরমানকে প্রত্যাখ্যান করেছে এবং জানিয়েছে, যদি তারা অস্ত্র ছাড়ে তাহলে তাদের অস্তিত্বই সংকটে পড়বে এমনটাই তাদের অবস্থান। এই ঘটনাগুলোকে কেন্দ্র করে পশ্চিম এশিয়ার নিরাপত্তা ও রাজনীতিতে নতুন করে উত্তেজনা দেখা দিয়েছে। দেশটির অভ্যন্তরীণ রাজনৈতিক শৃঙ্খলা, প্রতিবেশী রাষ্ট্রগুলোর কূটনৈতিক প্রতিক্রিয়া এবং সার্বিকভাবে অঞ্চলের সামরিক ভারসাম্যড়এসবই এখন সমালোচকের চোখে রয়েছে। হিজবুল্লাহ লেবাননের একটি প্রভাবশালী রাজনৈতিক ও সশস্ত্র সংগঠন, যার রাজনৈতিক পরিচিতি এবং সামরিক শক্তি উভয়ই রয়েছে। লেবানন সরকারের ফরমান ও হিজবুল্লাহর বিবৃতিড়দুই পক্ষের মধ্যকার এ বিতর্ক আন্তর্জাতিক পর্যবেক্ষকেরও সতর্কতা বাড়িয়েছে।

## পুতিনের শর্ত মেনে যুদ্ধ শেষ করুন: ডোনাল্ড ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের শর্ত মেনে যুদ্ধ শেষ করার পরামর্শ দিয়েছেন। ব্রিটিশ সংবাদমাধ্যম ফিন্যান্সিয়াল টাইমস এর প্রতিবেদনে বলা হয়েছে, জেলেনস্কির সঙ্গে বৈঠকটি একাধিকবার উত্তপ্ত পরিস্থিতিতে পরিণত হয়েছিল। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, ট্রাম্প বৈঠকের সময় জেলেনস্কিকে সতর্ক করেন যে, যদি তিনি পুতিনের সঙ্গে আপস করতে অস্বীকার করেন, তবে রাশিয়া ইউক্রেনকে ‘ধ্বংস’ করতে পারে। আলোচনায় অংশ নেওয়া কর্মকর্তারা জানান, ট্রাম্প বারবার পুতিনের বক্তব্য উদ্ধৃত করে জেলেনস্কিকে দোনবাস অঞ্চল মস্কোর কাছে ‘সমর্পণ’ করার জন্য চাপ দিয়েছিলেন। একজন ইউরোপীয় কর্মকর্তার বরাত দিয়ে ফিন্যান্সিয়াল টাইমস জানিয়েছে, ট্রাম্প জেলেনস্কিকে বলেছেন, পুতিন এই সংঘাতকে ‘যুদ্ধ নয়, একটি বিশেষ অভিযান’ হিসেবে বর্ণনা করছেন। এছাড়া ট্রাম্প জেলেনস্কিকে বলেন, “তোমরা যুদ্ধে হেরে যাচ্ছ এবং পুতিন চাইলে তোমাদের ধ্বংস করতে পারবে।” বৈঠকের এক পর্যায়ে ট্রাম্প ইউক্রেনের যুদ্ধক্ষেত্রের মানচিত্র সরিয়ে রেখে বারবার জেলেনস্কির মনোযোগ আকর্ষণ করেছেন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। চলমান সংঘাত নিয়ে হতাশা প্রকাশ করে তিনি আরও বলেন, “এই রেড লাইন, আমি জানি না এটি কোথায়। আমি কখনও সেখানে যাইনি।” এই বৈঠককে কেন্দ্র করে আন্তর্জাতিক রাজনৈতিক মহলে উদ্বেগ দেখা দিয়েছে, বিশেষ করে ইউক্রেনের সার্বভৌমত্ব ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলো নিয়ে।

## ‘নিঃসঙ্গতা অনেক বেশি শান্ত, নিরাপদ এবং মর্যাদাপূর্ণ’

বিনোদন ডেস্ক

সম্পর্কের ভিড়ে নিজেকে আর হারাতে চান না পূর্ণিমা। উল্টো দিলেন নিঃসঙ্গতার আভাস! নায়িকার এমন বেদনাহত প্রতিক্রিয়ায় যেন দিগ্‌বিদিক হারাতে বসেছেন নেটাগরিকরা।

কী হলো প্রিয় অভিনেত্রীর? সাংসারিক কোনও অস্থিরতা নয় তো! নাকি সদ্য পুরস্কৃত অ্যাওয়ার্ড শোয়ের কোনও তিক্ত অভিজ্ঞতা এটি। সঠিক কোনও উত্তর মেলেনি। তবে তার কথাগুলো বেশ দরকারি।

রবিবার (১৯ অক্টোবর) ব্যক্তিগত ফেসবুক পেজে পূর্ণিমা লিখেছেন, ‘যাদের আপন ভেবে দরজা খুলে দিই, তারা আসলে বিষধর সাপ। প্রয়োজনে বন্ধুর মুখোশ পরে পাশে ঘোরে, আর সুযোগ পেলেই বিষ ঢেলে দেয় আমাদের স্বপ্নে, আমাদের জীবনে।’

এখানেই থামেননি, বরং উগরে দিলেন ভেতরে জমা আরও আক্ষেপ। লিখেছেন, ‘যখন মানুষ জীবনের সাফল্যের শিখরে পৌঁছায়, তখন কিছু মানুষ মৌমাছির মতো চারপাশে গুন গুন করে ঘুরতে থাকে। প্রশংসার ফুলঝুরি ঝরিয়ে তারা সান্নিধ্যের ভান করে। কিন্তু সময় খারাপ হলে, ঠিক মৌমাছির মতোই উড়ে যায় অন্য ফুলের দিকে।’

প্রতিক্রিয়ার শেষ লাইনে পূর্ণিমা লেখেন, ‘মিথ্যা সম্পর্কের ভিড়ে নিজেকে হারিয়ে ফেলার চেয়ে নিঃসঙ্গতা অনেক বেশি শান্ত, নিরাপদ এবং মর্যাদাপূর্ণ।’ অভিনেত্রীর এমন আক্ষেপে মন ছুঁয়েছে তার ভক্তদের। অনেকেরই মন্তব্য, ‘এ যেন আমাদের সবার জীবনের গল্প।’ যদিও অনেকেই প্রিয় অভিনেত্রীর এমন আক্ষেপে প্রকাশ করেছেন উৎকণ্ঠা।

১৭ অক্টোবর, এই অভিনেত্রী চলচ্চিত্রে বিশেষ অবদান রাখার জন্য বিশেষ সম্মাননা পেয়েছেন কালচারাল জার্নালিস্ট ফোরাম অব বাংলাদেশ (সিজেএফবি)-এর পক্ষ থেকে। বলা জরুরি, দিলারা হানিফ পূর্ণিমা স্বামী-সন্তান নিয়ে সুখেই দিনাতিপাত করছেন।